

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
(প্রশাসন শাখা-৬)

প্রজ্ঞাপন

তারিখ, ৫ জুন ২০০৭/২২ জ্যৈষ্ঠ ১৪১৪

এস, আর, ও নং ৯৯-আইন/২০০৭।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ (মিল্ক ভিটা) কে উহার অন্তর্ভুক্তি ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সম্পর্কিত বিষয়ে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা এর বিগত ২২-০৫-২০০৭ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং ৩/৮২-(অংশ-৪)১৪৯(১৩)(কৃঃশিঃ) দ্বারা গঠিত উক্ত সমিতির অন্তর্ভুক্তি ব্যবস্থাপনা কমিটি বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহে প্রদত্ত নির্বাচন অনুষ্ঠানের উপর স্থগিতাদেশ প্রত্যাহার অথবা মামলাসমূহ চূড়ান্তভাবে নিষ্পত্তি হইবার পর হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে অনুষ্ঠিতব্য নির্বাচনে নির্বাচিত নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর না করা পর্যন্ত দায়িত্ব পালন করিবে।

২। ইহা ২৩ মে, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রষ্ট্রেপতির আদেশক্রমে

সাহিন আহমেদ চৌধুরী  
উপ-সচিব (প্রশাসন)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৬১১৯ )

মূল্য : টাকা ২.০০